

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৭, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১১ই জ্যৈষ্ঠ ১৪০০/২৫শে মে ১৯৯০

এস, আর, ও নং ৯৪-আইন/৯০—যেহেতু সরকার পিরোজপুর জেলার নঠবাড়ীয়া থানার নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে পৌর এলাকা (মিউনিসিপ্যালিটি) ঘোষণা করার প্রস্তাব করিয়াছে;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত ঘোষণার ব্যাপারে পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়া Declaration and Alterations of Municipalities Rules, 1978 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর Rules 3 এর অধীন পাবলিক নোটিশ জারী করার জন্য ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছে এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত Rules মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত পৌর এলাকা ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনার এর উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহকে পৌর এলাকা ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

অতএব, সেহেতু উক্ত Rules এর Rules 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহকে আগামী ১-৬-৯০ তারিখ হইতে পৌর এলাকা ঘোষণা করিল, বাহা নঠবাড়িয়া মিউনিসিপ্যালিটি নামে অভিহিত হইবে।

(১৭৩৭)

মূল্য: টাকা ১০০০

ভূমিসূচী

| ক্রমিক নং | বৌজার নাম | ইউনিয়ন | জে, এল, নং | দাগ নং |
|-----------|-----------------|------------|------------|--|
| ১। | উত্তর মিঠাখালী | মঠবাড়ীয়া | ৬৬ | ৪৬৩২ হতে ৪৮০০ দাগ পর্যন্ত। |
| ২। | দক্ষিণ মিঠাখালী | ঐ | ৩৭ | ৩০০৭ হতে দক্ষিণে ৩১৭৪, ৩৩২২ ও ৩৩৪০ হতে ৩৯৫২ দাগ পর্যন্ত। |
| ৩। | মঠবাড়ীয়া | ঐ | ২১ | ৭০১ হতে ১৪৭৪ দাগ ও ১৬০১ হতে ১৭৯৩ পর্যন্ত। |
| ৪। | বকশীর ষাটচোরা | ঐ | ২২ | ১৭০৭ হতে ২১৪৪ দাগ পর্যন্ত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খালেকুজ্জামান
উপ-সচিব (পৌর)।